

[একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislatediv.gov.bd



নং- ৫৫.০০.০০০০.১০৬.২৩.০০১.২২-৬৪

তারিখ: ১৮/০৫/২০২২ খ্রি।

বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী এ বিভাগের নিম্নবর্ণিত কর্মচারীগণকে ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করা হলো, যথা:-


| ক্রমিক নং | গ্রেড | নাম | পদবি |
|-----------|-------------|------------------|------------------------|
| ১। | গ্রেড ২-৯ | মাহবুব আলম | প্রোগ্রামার |
| ২। | গ্রেড ২-৯ | মোঃ আশিকুজ্জামান | সহকারী সচিব (ড্রাফটিং) |
| ৩। | গ্রেড ১০-১৬ | মোঃ মহিউদ্দিন | ক্যাশিয়ার |
| ৪। | গ্রেড ১৭-২০ | মোহাম্মদ আল আমিন | অফিস সহায়ক |

গ্রেড ২-৯ ভুক্ত কর্মচারীগণের মধ্যে জনাব মাহবুব আলম, প্রোগ্রামার ও জনাব মোঃ আশিকুজ্জামান, সহকারী সচিব (ড্রাফটিং) উভয়ই সর্বাধিক নম্বর প্রাপ্ত হওয়ায় উক্ত নীতিমালার অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ ৫.৫ অনুযায়ী উভয়কেই যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করা হয়েছে এবং প্রত্যেকে পৃথকভাবে পুরস্কৃত হবেন।

২। নির্বাচিত কর্মচারীগণ পুরস্কার হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্ত হবেন।

৩। উপরি-উক্ত মতে, প্রোগ্রামার জনাব মাহবুব আলম এর মূল বেতনের সমপরিমাণ অর্থ বাবদ ৩৯,১৫০/- (উনিচল্লিশ হাজার একশত পঞ্চাশ) টাকা, সহকারী সচিব (ড্রাফটিং) জনাব মোঃ আশিকুজ্জামান এর মূল বেতনের সমপরিমাণ অর্থ বাবদ ২৮,১০০/- (আটাশ হাজার একশত) টাকা, ক্যাশিয়ার জনাব মোঃ মহিউদ্দিন এর মূল বেতনের সমপরিমাণ অর্থ বাবদ ১৯,৩২০/- (উনিশ হাজার তিনশত বিশ) টাকা এবং অফিস সহায়ক জনাব মোহাম্মদ আল আমিন এর মূল বেতনের সমপরিমাণ অর্থ বাবদ ১২,২৪০/- (বারো হাজার দুইশত চল্লিশ) টাকার ব্যয় মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো। উল্লেখ্য যে, গ্রেড ১৭-২০ ভুক্ত নির্বাচিত কর্মচারী জনাব মোঃ আল আমিন, অফিস সহায়ক বিগত ২১/০৩/২০২২ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেন। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী পরলোকগত কোনো কর্মচারী-কে শুদ্ধাচার পুরস্কার প্রদানে কোনো আইনগত বাধা নেই।

৪। উক্ত ব্যয় চলতি অর্থ বছরের এ বিভাগের বাজেটের আর্থিক কোড ৩২৫৭১০৬ (শুদ্ধাচার খাত) হতে বিকলনীয়।


মোঃ আশরাফুল আলম
সহকারী সচিব (প্রশাসন-২)
ফোন: ৫৫১০০৩১৯

ই-মেইল: admin2@legislatediv.gov.bd


নং- ৫৫.০০.০০০০.১০৬.২৩.০০১.২২-৬৪

তারিখ: ১৮/০৫/২০২২ খ্রি।

কার্যার্থে বিতরণ ও সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার এর কার্যালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।

- ৫। জনাব মাহবুব আলম, প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (শুধাচার পুরস্কার প্রাপ্ত প্রত্যেক কর্মচারী-কে সার্টিফিকেট ও ট্রেস্ট সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। জনাব মোঃ আশিকুজ্জামান, সহকারী সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৮। সহকারী সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ✓ ১০। সহকারী প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অতিরিক্ত সচিব (ড্রাফটিং-২) (চ.দা.) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১২। যুগ্মসচিব (ড্রাফটিং-৮/প্রশাসন) (চ.দা.) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১৩। জনাব মোঃ মহিউদ্দিন, ক্যাশিয়ার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১৪। বেগম মোছাঃ ফাতেমা আক্তার (মৃত মোঃ আল আমিন, অফিস সহায়ক এর স্ত্রী), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
- ১৫। অফিস কপি।


মোঃ আশরাফুল আলম
সহকারী সচিব (প্রশাসন-২)